

# ই-দৈনিক

## ই-ইভেন্টস

প্রাইভেট অবস্থা মেসেন্স মালিক সিদ্ধ

সোমবার, ২৩ জানুয়ারি ২০১৭, ১০ মাঘ ১৪২৩, ২৪ রবিউস সানি ১৪৩৮

তথ্যপ্রযুক্তিতে বেশ ক্ষতিই এগিয়ে যাচ্ছে দেশ। আর এগিয়ে নেওয়ার লক্ষ্যেই প্রতিনিয়ত নেওয়া  
হচ্ছে প্রশিক্ষণসহ নানা উদ্যোগ। বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস  
বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত সেইপ প্রজেক্ট কো-অর্জিনেশন ইউনিট কর্তৃক  
বাস্তবায়নাধীন স্কিলস ফর এমপ্লায়মেন্ট ইনকেন্টেমেন্ট (এসইআইপি) প্রকল্পের আওতায় আইটি বিষয়ক  
দক্ষতা উন্নয়নের লক্ষ্যে এক ক্রি প্রশিক্ষণ পরিচালনা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী আইটি বিষয়ক  
টটি কোর্স ওয়েব ডিজাইন আ্যান্ড ডেভেলপমেন্ট (ছয় মাস), প্রকেশনাল ফ্রিল্যান্সিং (৩ ও ৬ মাস) ও  
গ্রাফিক ডিজাইন (৩ ও ৬ মাস) বিষয়ে এই প্রশিক্ষণ প্রদান করা হবে। ঢাকা বিভাগে ন্যাশনাল

ইনকেন্টেমেন্ট অব ইঞ্জিনিয়ারিং টেকনোলজি (এনআইইটি)-তে চলবে এই প্রশিক্ষণ কার্যক্রম। এই  
প্রশিক্ষণ কার্যক্রমে যথাক্রমে এইচএসসি বা ডিপ্লোমা পাস ২০ খেকে ৪৫ বছর বয়সীরা ও মাসের ৩০ ও ১৮  
খেকে ৪৫ বছর বয়সীরা ৬ মাসের কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। এসইআইপি প্রজেক্টের

আওতায় সারাদেশে ৩ বছরে মোট ১০,২০০ জনকে বিভিন্ন ট্রেইন কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

রাজধানীর ৬৯/ই, গ্রিন রোড, পাস্থপথে অবস্থিত এনআইইটি ও এনএফটিতে এ প্রশিক্ষণ কার্যক্রম  
অব্যাহত রয়েছে। এ বিষয়ে বিস্তারিত জানতে ০১৬৭১৫৫৬১৯ নম্বরে যোগাযোগ করতে পারেন। এই  
প্রকল্পে ৩ মাস মেয়াদি আবাসিক প্রশিক্ষণে প্রকেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিকস ডিজাইন; ৬ মাস মেয়াদি

অনাবাসিক প্রশিক্ষণে ওয়েব সাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রকেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিকস  
ডিজাইন কোর্সে প্রশিক্ষণ চলছে। তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমই খাতে উৎপাদনশীলতা  
বৃক্ষির লক্ষ্যে এমএডব্লিউটিএস, ইউসিইপি বাংলাদেশ, টিএমএসএস, উকীপন, বিআইআইটি ইঞ্জিনিয়ার  
লিমিটেড, অ্যামেসিয়েশন অব গ্রাসর্টস উইম্যান এন্টারপ্রেনারস বাংলাদেশ (এজিডব্লিউওইবি), পিচ  
অ্যান্ড রাইটস ডেভেলপমেন্ট অব সোসাইটি (পিআরডিএস) কর্তৃক পরিচালনা করা হচ্ছে বিভিন্ন ট্রেইন

কোর্সে দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ। যেখানে প্রকল্পের শার্তানুযায়ী নির্বাচিত প্রশিক্ষণ প্রদানকারী  
প্রতিষ্ঠানসমূহকে সফল প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে কমপক্ষে ৭০ ভাগের কর্মসংহান নিশ্চিত করতে  
হবে। এখানে অন্যান্য সুবিধার মধ্যে রয়েছে প্রশিক্ষণ ব্যয় সম্পূর্ণ ফ্রি, আবাসন সুবিধা, জব সলিউশন,  
জব প্রেসমেন্ট সেন্টারের মাধ্যমে চাকরি প্রাপ্তিতে সহায়তা করা, উদ্যোক্তাদের ঝগপ্রাপ্তিতে সহযোগিতা  
করা, সফলভাবে প্রশিক্ষণ সম্পর্ককারীদের এককালীন বৃত্তি প্রদান করা।

## সেইপ আইটিতে কর্মমুখর প্রজন্ম

